



বার্ষিক প্রতিবেদন

২০২১-২০২২



রাবার কাঠের চেয়ার



রাবার কাঠের ফার্নিচার



রাবার কাঠের আসবাবপত্র



কাঠের আসবাবপত্র

ইস্টার্ন উড ওয়ার্কস

১৮৫, তেজাগাঁও শিল্প এলাকা, ঢাকা।

পরিচিতি ও অর্জন

ব্যবস্থাপক: জনাব মোঃ ওয়াহিদুল ইসলাম

মোবাইল: ০১৮৩৭১৯৪৮৭১

ই-মেইল: eww@bffd.gov.bd

- ভূমিকা :** বিএফআইডিসি, ইস্টার্ন উড ওয়ার্কস এর ১নং কারখানাটি একটি পরিত্যক্ত সম্পত্তি ছিল। বাংলাদেশ সরকারের শিল্প মন্ত্রণালয়ের নোটিফিকেশন নং-IE-XV-11/72/60/1(4) তারিখ: ১২-০২-৭৩ খ্রি. দ্বারা বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশনের উপর পরিচালনার দায়িত্বভার ন্যস্ত করা হয়। যা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ৮ মার্চ, ১৯৭৩ খ্রি. গেজেটে প্রকাশিত হয়। এই ইউনিটের কার্যক্রম কাঠের আসবাবপত্র প্রস্তুত ও সরবরাহ করা।
- কার্যক্রম :** এ ইউনিটের উৎপাদিত কাঠের আসবাবপত্রসমূহ জেলা ও উপজেলার হাসপাতাল, নার্সিং ট্রেনিং ইনস্টিটিউট/ম্যাটস, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান (বিশ্ববিদ্যালয়/কলেজ/স্কুল), বিভিন্ন সরকারি দপ্তর এবং ব্যক্তিগত পর্যায়েও সরবরাহ করা হয়।
- অবস্থান ও জমির পরিমাণ:**

১ম কারখানা: মিরপুর,সেকশন-২, ঢাকা-১২১৬।
১৮৫/এ, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮ এ অবস্থিত। কারখানার জমির পরিমাণ ০.৩৩ একর। উক্ত কারখানায় সকল মেশিনারীজ স্থাপন, কাঠ মজুদ ও আসবাবপত্র তৈরিকরণ কার্যক্রম পরিচালিত হয়।

২য় কারখানা:
২৪৩/বি, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮ এ অবস্থিত। কারখানার জমির পরিমাণ ০.৩৩ একর। উক্ত কারখানায় বোর্ড কাটার মেশিন, বিভিন্ন সাইজের বোর্ড মজুদ এবং তৈরিকৃত আসবাবপত্র পলিশের কাজে ব্যবহার ও সরবরাহকরণ কার্যক্রম পরিচালিত হচ্ছে। উক্ত কারখানায় ৩৭ তলাবিশিষ্ট বাণিজ্যিক ভবন নির্মাণের কার্যক্রম প্রক্রিয়াধীন আছে।

কালিয়াকৈর এর জায়গা:
গাজীপুর জেলার কালিয়াকৈর উপজেলায় কৌচাকুড়ি মৌজায় ৪.৬৪ একর জমি ১৯৮০ খ্রিস্টাব্দের জন্য সরকার (ডিসি অফিস, গাজীপুর) কর্তৃক একসনা লীজ দেয়া হয়। পরবর্তীতে ৪.২৩ একর জমির লীজ ২০২০ খ্রি. (১৪২৭ বঙ্গাব্দ) পর্যন্ত নবায়ণ করা হয়েছে। উল্লেখ্য যে, ৪.৬৪ একর জায়গার মধ্যে ৩.১১৬৬ একর জমি ২০০৩ খ্রি. থেকে পর্যায়ক্রমে অদ্যাবধি বেদখল অবস্থায় আছে।

ইউনিটের শো-রুম, ২৯ ঢাকা স্টেডিয়াম:
শিল্প মন্ত্রণালয়ের নোটিফিকেশন নং-IE-XV-II/72/60/01(4), তারিখ: ১২-২-১৯৭৩ খ্রি. মূলে পরিত্যক্ত সম্পত্তিভুক্ত শো-রুম, ২৯ ঢাকা স্টেডিয়াম ইস্টার্ন উড ওয়ার্কস, ১৮৫/এ, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা এর অধীনে ন্যস্ত করা হয়। যা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ৮ মার্চ, ১৯৭৩ খ্রি. গেজেটে প্রকাশিত হয়। উল্লিখিত গেজেটের আলোকে শো-রুম, ২৯ ঢাকা স্টেডিয়াম (বর্তমানে বিএফআইডিসি, শো-রুম, ৬৬, বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়াম) এই কর্পোরেশনের/ইউনিটের দখলে এবং বর্তমানেও বিদ্যমান আছে।

ইউনিটের মেসার্স ইস্টার্ন এজেসি, ১৪৭ মিটফোর্ড রোড, ঢাকা এর জায়গা:

শিল্প মন্ত্রণালয়ের নোটিফিকেশন নং-IE-XV-II/72/60/01 (4), তারিখ ১২-২-১৯৭৩ খ্রি. মূলে পরিত্যক্ত সম্পত্তিভুক্ত মেসার্স ইস্টার্ন এজেসি, ১৪৭ মিটফোর্ড রোড, ঢাকা ইস্টার্ন উড ওয়ার্কস, ১৮৫/এ, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা এর অধীনে ন্যস্ত করা হয়। যা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ

সরকারের ৮ মার্চ, ১৯৭৩ খ্রি. গেজেটে প্রকাশিত হয়। উল্লিখিত গেজেটের আলোকে মেসার্স ইস্টার্ন এজেন্সি, ১৪৭ মিটফোর্ড রোড, ঢাকা এর জমি (জমির পরিমাণ উল্লেখ নেই) এবং তদউপরিস্থ সম্পদাদি এই কর্পোরেশনের/ইউনিটের দখলে আনা সম্ভব হয়নি। রেকর্ডপত্রে পরিলক্ষিত হয় যে, জনাব আজিজ আহমেদ, পিতা: অজ্ঞাত এবং জনাব কামাল উদ্দিন, পিতা: অজ্ঞাত ব্যক্তিদ্বয় সেখানে বহুতল ভবন নির্মাণ করেছে।

মেশিনারীজ এর বিবরণ:

এই ইউনিটে পানির পাম্প মটর, ডবল টেনরিং মেশিন, স্যাফার মেশিন, মর্টাইজার মেশিন, টন মেশিন, প্ল্যানার মেশিন, সি এন সি রাউটার মেশিন, গ্র্যাভিং মেশিন, ক্রস কাট মেশিন, ব্যাড 'স' মেশিন, সার্কুলার 'স' মেশিন, ইলেকট্রিক ড্রিল মেশিন, থিকনেচার প্ল্যানার মেশিন ব্যবহৃত করে উৎপাদন কাজ পরিচালনা করা হচ্ছে। এছাড়া, ল্যাকার চেম্বারের মাধ্যমে উন্নতমানের ল্যাকার পলিশ কার্যক্রম চলমান রয়েছে।^{১২}

২০২১-২২ অর্থবছরের অর্জন

গোলকাঠ সংগ্রহ (ঘনফুট)		গোলকাঠ প্রসেসিং (ঘনফুট)		আসবাবপত্র তৈরি (ঘনফুট)	আসবাবপত্র বিক্রয় (ঘনফুট)	চিড়াই কাঠ সংগ্রহ (ঘনফুট)		বিক্রয় (কোটি টাকায়)	লাভ/ক্ষতি (কোটি টাকায়)
রাবার	অন্যান্য	রাবার	অন্যান্য			রাবার	অন্যান্য		
-	২৭৯৫.৪৪	-	৩১৩১.৩৭	৪৫১৮২.৫৯	৪১১৩০.১৫	১৭৭৭৫.৬৯	১৭৯৯৬.১১	২২.৮০	(+) ৬.৫২



মেশিনের সাহায্যে কাঠ বিভিন্ন সাইজের করা হচ্ছে।



কাঠ থেকে তৈরিকৃত আসবাবপত্র